গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির জুলাই ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ : ২৪/০৭/২০১৭ খ্রিঃ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর বিগত ১৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	জনবল মঞ্জুরি, নিয়োগবিধি ও অর্গানোগ্রাম সংশোধন টিওএন্ডই হালনাগাদকরণ	মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগপূর্বক জনবল মঞ্জুরি, নিয়োগবিধি, অর্গানোগ্রাম, মেডেল রেগুলেশন সংশোধন ও টিওএন্ডই হালনাগাদকরণের জন্য আরো তৎপর হতে হবে।	উপ পরিচালক (প্রশা: ও অর্থ)
২.	সেবা সহজীকরণ	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী গত অর্থবছরে এ্যাম্বুলেন্স সেবা, ফায়ার রিপোর্ট ও প্যাকেজ প্রশিক্ষণ এই ৩টি সেবাকে সহজীকরণ করা হয়েছে। চলতি অর্থবছর (২০১৭-২০১৮) অনুযায়ী আরো নতুন ৩টি সেবা সহজীকরণের লক্ষ্যে আগামী সভায় প্রত্যেকে একটি আইডিয়া উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।	সভায় উপস্থিত সকল
৩.	ফায়ার সেফটি সেলের প্রশিক্ষণের মডিউল হালনাগাদকরণ	ফায়ার সেফটি সেলের প্রশিক্ষণ মডিউল হালনাগাদ করতে হবে। ফায়ার সেফটি প্রশিক্ষণ রুটিন মোতাবেক মানদন্ড ঠিক রেখে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	উপ-সহকারী পরিচালক (ফায়ার সেফটি সেল)
৪.	অনলাইনে সেবা প্রদান	ILO এবং সফটওয়ার ডেভেলপার কোম্পানির সাথে যোগাযোগ পূর্বক অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদানের কার্যক্রম চুড়ান্ত করার পূর্বে লাইসেন্সের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার মতামত নিয়ে দ্রুত বাস্তবায়ন এবং চলতি অর্থবছরে ফায়ার সেফটি প্রশিক্ষণ প্রদানের যাবতীয় কার্যক্রম অনলাইনে চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (উন্নয়ন) ও উপ-সহকারী পরিচালক (ফায়ার সেফটি সেল)
৫.	ফায়ার লাইসেন্স সংখ্যা ও মাশুল আদায়	২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ওয়্যারহাউজ ও ওয়ার্কশপের ফায়ার লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাশুল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ব্যাপারে ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের লাইসেন্সের সংখ্যা ও লাইসেন্স বাবদ মাশুল আদায় বৃদ্ধিতে তৎপরতা বাড়াতে হবে।	ডিডি সকল বিভাগ ও এডি (ওঃ ও ফাঃ প্রিঃ)
৬.	ইনোভেশন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ	ইনোভেশন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে অধিদপ্তরের অভ্যর্থনা কক্ষের পাশে ইনোভেশন আইডিয়া বক্স স্থাপন করতে হবে। এ বিষয়ে সকলকে অবগত করতে হবে এবং মাঝে মধ্যে আইডিয়াগুলো সংগ্রহ পূর্বক যাচাই-বাছাই করতে হবে।	ডিডি, ঢাকা ও এসএসও রিফর্ম সেল
৭.	মাসিক প্রতিবেদন সহজীকরণ	স্টেশনসহ বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদন ফরম সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো: (১) সহকারী পরিচালক (অপাঃ ও মেইনঃ)---------------------সভাপতি (২) সহকারী পরিচালক, ঢাকা--------------------------------সদস্য সচিব (৩) উপ সহকারী পরিচালক, ঢাকা(জোন- ৪)--------------------সদস্য (৪) উপ সহকারী পরিচালক (ফায়ার সেফটি সেল)---------------সদস্য (৫) সিনিয়র স্টেশন অফিসার, সিদ্দিকবাজার, ঢাকা-------------সদস্য (৬) সিনিয়র স্টেশন অফিসার, সদরঘাট, ঢাকা-------------------সদস্য (৭) ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ঢাকা-৫৪----------------------------সদস্য।	সহকারী পরিচালক (অপারেশন)

৮.	ই-মেইলে যোগাযোগ	যোগাযোগের মাধ্যম হিসাবে সরকারি নির্দেশনা অনুসরণ করে কাগজ এবং ফ্যাক্সের যোগাযোগ কমিয়ে ই-মেইল ব্যবহার বাড়াতে হবে। ইতোমধ্যে এপিএ, শুদ্ধাচার, Inovation বিষয়ে ই-মেইল ব্যবহার হচ্ছে।অন্যান্য সকল বিষয়েই ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে স্ক্যানার সংগ্রহ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৯.	ই-ফাইলিং কার্যক্রম চালু	অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালুর লক্ষ্যে ইতোমধ্যে ৩(তিন) জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করছেন, অন্যান্য সকলের প্রশিক্ষণপূর্বক অধিদপ্তরের প্রশিক্ষণ শাখায় আগামী ২৮/০৯/২০১৭ তারিখের মধ্যে চালুর ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১০	উত্তম চর্চা	অধিদপ্তরসহ যেকোন স্থানে অনুষ্ঠিত সভায় উপস্থিত সকলের মোবাইল মিটিং মোডে রাখা এবং জরুরি প্রয়োজনে স্থান ত্যাগ করে কথা সম্পন্ন করার উত্তম চর্চা অনুশীলন করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১১.	বার্ষিক কর্মসম্পান চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন	২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পান চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যেসব লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে অর্থবছরের শুরু থেকে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।	সংশ্লিষ্ট সকল
১২	ইউনিকোড ব্যবহার নিশ্চিতকরণ	অধিদপ্তরসহ সকল দপ্তরে ইউনিকোড ১৭/০৯/২০১৭ তারিখের মধ্যে চালুর ব্যবস্থা নিশ্চিত করতে হবে। সে লক্ষ্যে অধিদপ্তরের সকল শাখায় ইউনিকোড চালুর জন্য ৩০/০৭/২০১৭ তারিখের মধ্যে সকল শাখা যাচাই পূর্বক প্রতিবেদন দাখিল করতে	এসএসও (রিফর্ম সেল)
১৩	সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান	অধিদপ্তরসহ সকল দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা নিশ্চিতকরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
১৪	স্থাবর-অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতকরণ	বার্ষিক কর্মসম্পান চুক্তি অনুযায়ী এ অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তর/স্টেশনের স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতকরণের জন্য ইতোমধ্যে পরিচালক (প:উ:প্র:) কে ইউনোটে অনুরোধ জানানো হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদান করতে হবে।	উপ পরিচালক (উন্নয়ন) ও সংশ্লিষ্ট সকল

২। সভায় অন্য কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৩/০৭/২০১৭

মোঃ হারুন-উজ-জামান ভূঁইয়া
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.১৫.১৬৫.১৭- ১১৫৯৮ তারিখঃ২৪ জুলাই, ২০১৭খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপ পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ/এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/উন্নয়ন),ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮. উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯. উপ সহকারী পরিচালক (ফায়ার সেফটি সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. জনাব ....।
১২. আইসিটি সেল, অত্র অধিদপ্তর । উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

২৪.৭.১৭

মো: বদিউজ্জামান
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\Administration\Jatiyo Shuddhachar Kowshol\Suddhachar (Integrity)Resoiation docN.doc